

ঢাকার ইস্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ০৫ ডিসেম্বর ২০১৭ বেলা ০৩.০০ ঘটিকায় সৌদি আরবের উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের সাথে এক দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ থেকে গৃহকর্মী প্রেরণ ও তাদের সার্বিক সুযোগ সুবিধাদির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বাংলাদেশী গৃহকর্মী প্রেরণ প্রক্রিয়া আরো সহজতর ও গতিশীল করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। দুই সদস্য বিশিষ্ট সৌদি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন প্রাইভেট রিক্রুটমেন্ট অফিস কটিমটি'র ভাইস চেয়ারম্যান **Khalid Abdulaziz Al Saleem**। বাংলাদেশের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক (সচিবের দায়িত্বে)।

দ্বিপাক্ষিক সভায় আরো উপস্থিত ছিলেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মোঃ আমিনুল ইসলাম, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, যুগ্মসচিব নারায়ন চন্দ্র বর্মাসহ উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, বায়রার যুগ্ম সাধারণ সম্পাদক শামীম আহমেদ চৌধুরী নোমান এবং সৌদি রিক্রুটিং এজেন্সীর সভাপতি **Bader S. Al Adailah**।

উল্লেখ্য ৪-৭ ডিসেম্বর ২০১৭ সৌদি আরবের উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল বাংলাদেশ সফর করছে। সফররত সৌদি আরবের উচ্চ পর্যায়ের প্রতিনিধিদলের এক অংশের সাথে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় দ্বিপাক্ষিক সভাটি হয়।